**তারিখ:** 31/01/2017

## আর বি আই মুম্বই, মহারাষ্ট্র স্থিত দ্য সি কে পি কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, -এর উদ্দেশ্যে জারি করা বিশেষ নিয়ন্ত্রণবিধির মেয়াদ বৃদ্ধি করল

মুম্বই, মহারাষ্ট্র স্থিত, দ্য সিকেপি কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, -কে এপ্রিল 30, 2014 তারিখাঙ্কিত আদেশবিধির মাধ্যমে মে 2, 2014 তারিখ কাজের শেষ থেকে বিশেষ নিয়ন্ত্রণবিধির অধীনে আনা হয়েছিল। বিশেষ নিয়ন্ত্রণবিধির বৈধতার মেয়াদ সময়ে সময়ে জারি করা পরবর্তী আদেশবিধিগুলির মাধ্যমে বৃদ্ধি করা হয়েছে যার মধ্যে শেষটি হল জুলাই 28, 2016 তারিখাঙ্কিত আদেশ এবং যা জানুয়ারি 31, 2017 পর্যন্ত পর্যালোচনার সাপেক্ষে বৈধ ছিল।

জনসাধারণের জ্ঞাতার্থে এতদ্বারা ঘোষণা করা হচ্ছে যে উপরোক্ত বিশেষ নিয়ন্ত্রণবিধির বৈধতার মেয়াদ জানুয়ারি 27, 2017 তারিখাঙ্কিত আদেশের মাধ্যমে পর্যালোচনার সাপেক্ষে আরও ছয় মাস পর্যায় কালের জন্য ফেব্রুয়ারি 01, 2017 থেকে জুলাই 31, 2017 অবধি বৃদ্ধি করা হয়েছে, এপ্রিল 30, 2014 তারিখাঙ্কিত আদেশবিধির নিম্নে বিবৃত আংশিক পরিমার্জন সহকারে:

(i) যদি ঋণগ্রহীতার সাথে ঋণ সম্মতিসনদের (লোন এগ্রিমেন্ট) বিধি ও শর্তাদিতে সেরকম উল্লেখ থাকে যে তাঁর নির্দিষ্ট আমানত অ্যাকাউন্ট (তাকে যে নামেই ডাকা হোক) থেকে রাশি তাঁর ঋণ অ্যাকাউন্টে বকেয়া রাশি পরিশোধের জন্য যথাযথভাবে স্থানান্তরণ /তৎসংক্রান্ত সামঞ্জস্যক্রিয়া সম্পাদন করা যাবে, তবে ব্যাংক আমানত রাশির ভিত্তিতে ঋণ রাশির পরিশোধ ক্রিয়া সম্পাদন করতে অনুমতি প্রাপ্ত; তবে ঋণ অ্যাকাউন্টে এরূপে বকেয়া রাশির পরিমাণ অবধি যথাযথ স্থানান্তরণ / সমাঞ্জস্যক্রিয়া সম্পাদন অনুমোদিত হবে নিম্নলিখিত অতিরিক্ত শর্তগুলির সাপেক্ষে:

a) সামঞ্জস্যক্রিয়া সম্পাদনের তারিখে অ্যাকাউন্টটিকে কেওয়াইসি নীতি অনুপালিত হতে হবে।

b) তৃতীয় পক্ষের অধীনে থাকা আমানতরাশি যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে কিন্তু গ্যারান্টর/সিয়োরিটির প্রতি সীমিত থাকবে না, সেই রাশির স্থানান্তরণ / সমাঞ্জস্যক্রিয়া সম্পাদনের অনুমতি নেই।

c) এই সুযোগটিকে প্রয়োগ করা যাবে আমানতকারীকে যথোপযুক্ত নোটিশ প্রেরণ করে/ তার সম্মতির সাপেক্ষে, সাধারণতঃ সেই সমস্ত ক্ষেত্রগুলিতে যেখানে স্থানান্তরণ /সামঞ্জস্যসাধন মারফত পরিশোধক্রিয়া সম্পাদনে অধিকতর বিলম্ব হলে ঋণরাশিটি অনুৎপাদক সম্পদে (এন পি এ) পরিণত হতে পারে। স্ট্যান্ডার্ড ঋণরাশির সামঞ্জস্যসাধন মারফত পরিশোধক্রিয়া সম্পাদন করতে (যেগুলিতে নিয়মিতভাবে প্রয়োজনীয় কাজকর্ম- পরিষেবাদান করা হয়ে থাকে) তথা ঋণ সম্মতিসনদের বিধি ও শর্তাদির থেকে কোনও প্রকার অপসরণ ঘটলে আমানতকারী-ঋণগ্রহীতার আগাম লিখিত সম্মতির প্রয়োজন হবে।

d) আমানত বা সেটির ভিত্তিতে সামঞ্জস্যসাধন মারফত পরিশোধক্রিয়া সম্পাদন কোনও বিধিনিষেধের শর্তাধীন হবে না যেমন আইনি আদালত বা সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ অথবা আইনের মাধ্যমে ক্ষমতাপ্রাপ্ত অন্য কর্তৃপক্ষ দ্বারা জারিকৃত অ্যাটাচমেন্ট অর্ডার/ প্রহিবিটরি অর্ডার, আরনেস্ট মানি ডিপোজিট, ট্রাস্টের বাধ্যবাধকতা, তৃতীয় পাক্ষিক লিয়েন- যা স্টেট কো-অপারেটিভ সোসাইটিজ অ্যাক্ট ইত্যাদির বিধানের অধীনে জারি করা হয়েছে।

(ii) ব্যাঙ্ক নিয়মিত এবং সিকিয়োরড সিসি অ্যাকাউন্টগুলিকে (যেগুলি যথানির্দেশিত নিয়মানুসারি এবং যেগুলিতে দেয় সুদ নিয়মিত প্রদান করা হয়ে থাকে) স্টান্ডার্ড অগ্রিম হিসাবে গণ্য করবে। যদিও রাশি প্রত্যাহারের উদ্দেশ্যে সিসি অ্যাকাউন্টের নবীকরণ অনুমতিপ্রাপ্ত নয়।

উক্ত মেয়াদবৃদ্ধি এবং পরিমার্জনের বিজ্ঞপ্তিসহ জানুয়ারি 27, 2017 তারিখাঙ্কিত আদেশবিধিটির প্রতিলিপি সাধারণ জনগণের অবগতির জন্য ব্যাঙ্ক চত্বরে প্রদর্শিত আছে।

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক উপরোক্ত মেয়াদবৃদ্ধি এবং/ অথবা পরিমার্জন স্বতই এই ইঙ্গিত দিচ্ছে বলে মনে করা সমীচীন নয় যে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক প্রাগুক্ত ব্যাঙ্কটির আর্থিক অবস্থার বাস্তবিক উন্নতি সম্পর্কে সন্তুষ্ট।

**অনুরাধা ডি যাদব**
সহকারী প্রবন্ধক

**প্রেস প্রকাশনি: 2016-2017/2040**